



বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়

আইসিটিটাওয়ার, ই-১৪/এক্স, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা-১২০৭

ফোন: ৫৫০০৬৮৮৮, ফ্যাক্স: ৮৮-০২-৫৫০০৬৭৯১, ইমেইল: bcc@bcc.gov.bd, ওয়েবসাইট: bcc.gov.bd

বিসিসি ইনোভেশন টিমের ২০২২-২৩ অর্থ বছরের ৩য় সভার কার্যবিবরণী

সভাপতি	: জনাব অশোক কুমার রায় পরিচালক (উপসচিব) গবেষণা, উদ্ভাবন ও উন্নয়ন
সভার তারিখ	: ০৫-০১-২০২৩ খ্রিষ্টাব্দ (বৃহস্পতিবার)
সভার সময়	: সকাল ১১:০০ ঘটিকা
স্থান	: আহবায়কের অফিস কক্ষ
উপস্থিতি	: পরিশিষ্ট 'ক'

বিসিসি ইনোভেশন টিমের সকল সদস্য সদ্য যোগদানকৃত ইনোভেশন কর্মকর্তা ও আজকের সভার সম্মানিত সভাপতি জনাব অশোক কুমার রায় মহোদয়কে স্বাগত জানায় একইসাথে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে ২০২২-২৩ অর্থবছরের ৩য় সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভার আলোচ্যসূচী অনুযায়ী বিসিসির ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর অগ্রগতি ও করণীয় নিয়ে আলোচনা করার লক্ষ্যে এ সংস্থার ইনোভেশন টিমের সদস্য-সচিব জনাব মধুসূদন চন্দ, আঞ্চলিক পরিচালক'কে অনুরোধ জানান।

০২। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়:


ক্র.নং	বিস্তারিত আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.১	[১.১.১] সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়িত নির্দেশনার আলোকে বিসিসির উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন নিয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।	এ কার্যক্রমের আওতায় বিসিসির সিনিয়র প্রোগ্রামার জনাব হোসেন বিন আমিন এর তত্ত্বাবধানে “Personal Asset Management System” বাস্তবায়নের কার্যক্রম চলমান রয়েছে। আগামী ০৪ এপ্রিল ২০২৩ তারিখের মধ্যে আইডিয়াটি বাস্তবায়ন করে বিসিসিতে প্রতিবেদন প্রদানের জন্য পত্রজারী করার সিদ্ধান্ত গৃহীত হয়।	জনাব মধুসূদন চন্দ, আঞ্চলিক পরিচালক, বিসিসি।

৯

ক্র.নং	বিস্তারিত আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.২	[১.২.১] বিসিসির ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা ও ডিজিটাইজকৃত সেবার ডেটাবেজ প্রস্তুত করা নিয়ে আলোচনা অনুষ্ঠিত হয়।	বিসিসির ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা ও ডিজিটাইজকৃত সেবার ডেটাবেজ বিগত ২৯/০৯/২০২২ তারিখে প্রস্তুত করা হয়েছে। যেহেতু এটি বাস্তবায়িত তাই পরবর্তি সভায় আলোচ্যসূচি থেকে এটি বাদ দেবার সিদ্ধান্ত গৃহিত হয়।	
২.৩	[১.২.২] ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ চালু করা নিয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।	বিসিসি ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ চালু করতে হবে। আগামী ২৮ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের মধ্যে উল্লিখিত সেবাসমূহ চালু করে বিসিসি ইনোভেশন টিমের সন্মুখে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহিত হয়।	জনাব হোসেন বিন আমিন, সিনিয়র প্রোগ্রামার, বিসিসি।
২.৪	[১.৩.১] বিসিসির ই-ফাইলে নোট নিষ্পত্তির পরিমান বাড়ানো বিষয়ে করণীয় নিয়ে আলোচনা অনুষ্ঠিত হয়।	বিসিসির ই-ফাইলে নোট নিষ্পত্তির পরিমান বাড়াতে কার্যকর ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়।	সচিব, বিসিসি ও বিসিসি, ইনোভেশন টিম
২.৫	[১.৪.১] ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় বিসিসির আইন/পলিসি/কর্মপরিকল্পনা প্রণয়ন নিয়ে আলোচনা অনুষ্ঠিত হয়।	৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় বিসিসির আইন/পলিসি/কর্মপরিকল্পনা প্রস্তুতপূর্বক বিগত ৩০/০৯/২০২২ তারিখে আইসিটি বিভাগে প্রেরণ করা হয়েছে। যেহেতু এটি বাস্তবায়িত তাই পরবর্তি সভায় আলোচ্যসূচি থেকে এটি বাদ দেবার সিদ্ধান্ত গৃহিত হয়।	জনাব মধুসূদন চন্দ, আঞ্চলিক পরিচালক, বিসিসি।
২.৬	[২.১.১] বিসিসির তথ্য বাতায়ন ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ নিয়ে আলোচনা অনুষ্ঠিত হয়। ত্রৈমাসিক ভিত্তিতে ২টি প্রতিবেদন ইতিমধ্যেই প্রেরণ করা হয়েছে মর্মে সদস্য সচিব সভাকে অবহিত করেন।	বিসিসির তথ্য বাতায়ন ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ নিশ্চিত করে আইসিটি বিভাগে প্রতিবেদন প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।	রিংকো কবিরাজ এনালিষ্ট (সার্ভার ও ক্লাউড সিকিউরিটি), বিসিসি।
২.৭	[২.২.১] কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন নিয়ে আলোচনা অনুষ্ঠিত	বিগত অক্টোবর ১৩, ২০২২ তারিখে ১ম প্রশিক্ষণের আয়োজন করা হয়।	বাস্তবায়িত

ক্র.নং	বিস্তারিত আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
	হয়।	২য় প্রশিক্ষণটি ডিসেম্বর ২০২২ মাসের মধ্যে আয়োজনের সিদ্ধান্তের আলোকে ২১/১২/২০২২ তারিখে অনুষ্ঠিত হয়।	
২.৮	[২.২.২] ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয় নিয়ে সভায় বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।	ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের ব্যয় নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	জনাব মধুসূদন চন্দ আঞ্চলিক পরিচালক, বিসিসি।
২.৯	[২.২.৫] বিসিসি ইনোভেশন টিম কর্তৃক দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন নিয়ে আলোচনা অনুষ্ঠিত হয়।	বিসিসি ইনোভেশন টিম কর্তৃক দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ আগামী এপ্রিল, ২০২৩ সময়ের মধ্যে পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়।	বিসিসি ইনোভেশন টিম।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


05.01.2023

অশোক কুমার রায়

পরিচালক (উপসচিব), গবেষণা, উদ্ভাবন ও উন্নয়ন

ও

ইনোভেশন কর্মকর্তা, বিসিসি।